



Japan Human Resources Development Scholarship Programme (JDS) (3rd revised)

Picture	Project Director/Deputy Project Director	Address/Telephone No./email
	Khadija Parveen (20405) Project Director & Joint Secretary	Room# 01, Block# 15 48113335(o), (R) 48034288, 01711430862 (M), 171(I) E-mail: br.japan@erd.gov.bd
	Mahmudul Islam Khan (8150) Deputy Project Director & Deputy Secretary	Room# 03, Block# 15 48119872(O), (R), 01715 028665 (M), 224(I) E-mail: japan3@erd.gov.bd

জাপান হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রজেক্ট (জেডিএস) (৩য় সংশোধিত) প্রকল্প

প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ “জাপান হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রজেক্ট (জেডিএস) (৩য় সংশোধিত)” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। জেডিএস স্কলারশীপ প্রোগ্রামের জন্য প্রতি বৎসর বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। এ প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০০১ থেকে জুন ২০২৫ পর্যন্ত। প্রকল্পের মোট ব্যয় ৪৩১০৮.০৫ লক্ষ টাকা (জিওবি ৫২৮.২৫ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৪২৫৭৯.৮০ লক্ষ টাকা)। বাংলাদেশ সরকার কর্তৃক নিয়োজিত এজেন্ট Japan International Cooperation Center (JICE) এর মাধ্যমে প্রকল্প সাহায্যের অর্থ সরাসরি জেডিএস ফেলোদের অনুকূলে জাপানে ব্যয় করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য আনুসাংগিক ব্যয় জিওবি খাত থেকে নির্বাহ করা হয়।

প্রকল্পের উদ্দেশ্যঃ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সিভিল সার্ভিস, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের ১ম শ্রেণীর কর্মকর্তাদের জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্স এবং পিএইচডি কোর্সে অধ্যয়নের সুযোগ প্রদান এবং তাঁদের অর্জিত জ্ঞানের সঠিক প্রয়োগের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি করা এ প্রকল্পের উদ্দেশ্য।

কর্মকর্তা (জেডিএস ফেলো) বাছাই প্রক্রিয়াঃ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সুনির্দিষ্ট নির্ণায়কের ভিত্তিতে বাংলাদেশ সরকার ও জাপান সরকারের প্রতিনিধি কর্তৃক প্রার্থী বাছাই করা হয়।

অগ্রগতিঃ জানুয়ারি ২০২৪ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৮৯.৯৪%। এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ৪৪২ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ে জাপানের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রী এবং ৭ জন কর্মকর্তা পি এইচ ডি ডিগ্রি সম্পন্ন করে দেশে ফিরে এসেছেন। বর্তমানে মাস্টার্স ডিগ্রী কোর্সে মোট ৬০ জন কর্মকর্তা এবং পিএইচডি কোর্সে মোট ৯ জন কর্মকর্তা জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আছেন।